তারিখ 16 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

সমকাল

# শিক্ষার প্রয়োজনীয় মান এখনও অর্জন করতে পারিনি

—শিক্ষামন্ত্রী

■ গাজীপুর প্রতিনিধি

দেশে পরীক্ষায় পাসের হার বাড়লেও শিক্ষার মান বাড়ছে না- সমালোচকদের এমন বক্তব্য সঠিক নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শিক্ষার যে মান আজ প্রয়োজন তা আমরা অর্জন করতে পারিনি। পাসের হার বেড়েছে, পাশাপাশি দেশে শিক্ষার্থী বেড়েছে, শিক্ষা প্রতিষ্ঠানও বেড়েছে। কিন্তু যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা বাড়েনি। তবে এটা রাতারাতি করে ফেলব এমন জাদুর কাঠিও কারও কাছে নেই। আমাদের ভুলত্রুটি কোথায় তা সবার কাছ থেকে শুনে, বুঝে ও শিখে কাজ করতে চাই। গতকাল রোববার গাজীপুরের বোর্ডবাজারের বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) বিএড প্রোগ্রামে দিনব্যাপী জাতীয় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন।

বাউবি উপাচার্য অধ্যাপক ড. এমএ মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডিরেক্টরেট সেকেন্ডারি অ্যান্ড হায়ার এডুকেশনের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন, টিকিউআই-টু প্রজেক্টের প্রকল্প পরিচালক জহির উদ্দিন বাবর, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন প্রমুখ।